09722/14 E-09063

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रू. 5000 Rs. 5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL B 615142

Q-18374/14 M/V assessed = Rs 830,000/-

1/12/14 at 11:05

Additional District Sub-Registrar Barasat, North 24 Parganas

1 DEC 2014

# সাফ বিক্রয় কোবালা পত্র

ক্রেতা :-

মেসার্স ডেসফাব ইঞ্জিনিয়ারস্ প্রাইভেট লিমিটেড কোম্পানী, *(PAN - AABCD8328A)* যাহার রেজিষ্টার্ড অফিস - যশোহর রোড, পোঃ ও থানা - মধ্যমগ্রাম, জেলা - উত্তর ২৪ পরগণা, কোলকাতা - ৭০০১২৯, --পক্ষে ডাইরেক্টর শ্রী অলোক কুমার গুহ, *PAN - AGSPG5834A,* পিতা - স্বর্গীয় শচীন্দ্র নাথ গুহ ওরফে বিজয় গুহ, সাকিন - যশোহর রোড, পোঃ ও থানা - মধ্যমগ্রাম, জেলা - উত্তর ২৪ পরগণা, কোলকাতা - ৭০০১২৯, ধর্ম - সনাতন, জাতিয়তা - ভারতীয়, পেশা - ব্যবসা ।

নং - 1521.
সন ও তারিখ - 21.10.14.
ক্রেতার নাম - Desfab Engineers Pvt Ltd Co
সাকিন - madhyagram.
স্ট্যাম্প মূল্য - 
ভেন্ডার - 
বারাসাত কোর্ট, উত্তর ২৪ পরগণা
ভেন্ডার - শ্রী হারান চন্দ্র সাধু
টি.ভি. নং -
তারিখ - 15.10.14
মোট স্ট্যাম্প মূল্য - 150
ট্রেজারী অফিস - বারাসাত

Seal of the Additional District Sub Registrar
Barasat, North 24 Pgs.

Additional District Sub-Registrar
Barasat, North 24 Parganas

1 DEC 2014

<u>বিক্রেতা</u> ঃ-

শ্রীমতী তরুলতা মন্ডল, *PAN - CAEPM8674E,* স্বামী - শ্রী জহর লাল মন্ডল এবং পিতা - স্বর্গীয় বিশ্বনাথ মন্ডল, সাকিন - নাচনগাছা, সূর্য্যপুর, পোঃ - কেয়াতলা, থানা - বারুইপুর, জেলা - দক্ষিণ ২৪ পরগণা, ধর্ম - সনাতন, জাতিয়তা - ভারতীয়, পেশা - গৃহকার্য্য ।

*<u>কস্য নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত রায়ত দখলিয় সম্পত্তির সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে</u>* ঃ-

জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - বারাসাত হাল মধ্যমগ্রাম, এ.ডি.এস.আর.ও বারাসাত পরগণা আনোয়ারপুর মোতালক ১৪৬ নং তৌজির অধীন জে.এল. ৪৫ নং, রেঃ সাঃ ১৩২ ও ১৩১ নং, দোহাড়িয়া মৌজায় ১৫৮ নং খতিয়ান অধীন ১৮৬ নং খতিয়ান ভুক্ত আর.এস. ৫৯৫ নং দাগে বাস্তু ৮৩ শতক সম্পত্তির মধ্যে ৫ শতক বা বাংলা মাপে কমবেশী ০৩ কাঠা সম্পত্তি যাহা আমার মাতা প্রতীমা মন্ডল তাহার জীবদ্দশা কালীন বিগত ইংরাজী ০৩/৬/১৯৮৮ তারিখে মোকাম বারাসাত এ.ডি.এস.আর. অফিসে রেজিষ্ট্রীকৃ ও ঐ অফিসের ১ নং বহির, ৭৬ নং ভল্যুমের, ১৩৫ হইতে ১৪২ নং পাতায় লিপিবদ্ধ ৪৮২২ নং এককেতা কোবাল মূলে দোহাড়িয়া নিবাসী বাবুরাম যাদব মহাশয়ের পুত্র সাজ্জান যাদব মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া অন্যের নিরাংশে ও বিনা আপত্তিতে পরম সুখে ভোগদখল করিতে থাকাবস্থায় মৃত্যুমুখে পতিত হইলে

Seal of the Additional District Sub Registrar • Barasat, North 24 Pgs. •

Additional District Sub-Registrar
Barasat, North 24 Parganas

01 DEC 2014

-: ৩ :-

তাহার পরিত্যাজ্য সম্পত্তি আমি অত্র দলিলের বিক্রেতা ও আমার অপর দুই সহোদর ভ্রাতা শ্রী জয়দেব মন্ডল ও শ্রী শুখদেব মন্ডল ইংরাজী ১৯৫৬ সালের হিন্দু সাকসেসন এ্যাক্ট অনুসারে তুল্যাংশে প্রাপ্ত হইয়া (অর্থাৎ আমি ও আমার অপর দুই ভ্রাতা প্রত্যেকে ১/৩ অংশ প্রাপ্ত হইয়া) অদ্যাবধী এজমালিতে ভোগদখল করিয়া আসিতেছি । যাহা হস্তান্তর ও রূপান্তর করিবার সঁবৈব ক্ষমতা আমাতে বিদ্যমান আছে ।

এক্ষণে নানা কারণ বশতঃ আমার নগদ অর্থের বিশেষ আবশ্যক হওয়ায় আমার প্রাপ্ত অবিভক্ত ১/৩ অংশে কমবেশী ১ কাঠা সম্পত্তি (যাহার বিশদ বিবরণ নিম্ন তপশীলে দেওয়া হইল) ও মায় যাবতীয় ইজমেন্ট স্বত্ত্বাদি বিক্রয় করার ঘোষণা ও প্রচার করিলে আপনি তাহা অবগত হইয়া খরিদের প্রস্তাব করেন । আমি বাজার দর যাচাই করিয়া যাচাই সুরতে সর্বোচ্চ বহায় মূল্য মং ৫,০০,০০০ *(পাঁচ লক্ষ) টাকা* ধার্য্যে ও তাহা নিম্নের জায় মোতাবেক নগদ হস্তে গ্রহণ করিয়া নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি অদ্য আপনার নিকট বিক্রয় করিলাম ।

এইরূপে নিঃস্বত্বে সাফ বিক্রয় কোবালা পত্র লিখিয়া দিয়া স্বীকার, অঙ্গীকার ও প্রকাশ করিতেছি যে, নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ত্ব, স্বামীত্ব, দখল, অধিকার ছিল তাহা অদ্য হইতে আমা হইতে চিরতরে লুপ্ত হইয়া আপনাতে মায় ওয়ারিশানে বর্তিল । আপনি অদ্য হইতে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে খরিদ সূত্রে মালিক দখলিকার

Seal of the Additional District Sub-R... Barasat, North 24 Pgs

Additional District Sub-Registrar
Barasat, North 24 Parganas

1 DEC 201[illegible]

ও স্বত্ত্ববান মতে ধার্য্য খাজনাদি তপশীলোক্ত ভূ-স্বামী সরকারে সন সন আদায় দিয়া আবশ্যক মতে সরকারি সেরেস্তায় ও স্থানীয় পৌরসভায় সাবেক নাম খারিজে আপনার স্বীয় নাম পত্তনে দান, বিক্রয়াদি, সর্বপ্রকার হস্তান্তর ও রূপান্তর করণের মালিক ও ক্ষমতা যুক্তে যদেচ্ছা কাটিয়া ভরিয়া ইঁট ইমারতাদি নির্মাণ করত পুত্র-পৌত্রাদি, ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন । তাহাতে আমি মায় ওয়ারিশানে কাহারও কোন ওজরাপত্তি থাকিবে না । কেহ কোন ওজরাপত্তি করিলেও তাহা সর্বত্র সর্বাদালতে সবেবাতভাবে বাতিল, অগ্রাহ্য ও নামঞ্জুর হইবে ।

বিক্রীত সম্পত্তি কি উহার কিয়দংশ আমি ইতিপূর্বে অন্য কাহাও নিকট কোন প্রকার রেহেন বন্ধকাদি দ্বারা দায় সংযোগ কি হস্তান্তরাদি করি নাই । কি উক্ত সম্পত্তি কাহারও নিকট বিক্রয় করিবার নিমিত্তে কোন প্রকার লিখিত কি অলিখিত চুক্তিপত্রেও অবদ্ধ হই নাই বা উক্ত সম্পত্তি কোন ঋণের দায়ে ক্রোকাবদ্ধ নাই বা উহা কোন মামলা মোকদ্দমায়ও জড়িত নাই । সম্পূর্ণ নির্দোষ ও মুক্তাবস্থায় আপনার নিকট বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তির খাস দখল আপনাকে বুঝাইয়া দিলাম ।

বিক্রীত সম্পত্তির আমিই সম্পূর্ণ মালিক ও দখলিকারিণী । আমি ভিন্ন উক্ত সম্পত্তির অন্য আর কোন মালিক কি ওয়ারিশ নাই ।

প্রকাশ থাকে যে, অত্র দলিলে যদি কস্মিনকালেও কোন ভুল ভ্রান্তি পরিলক্ষিত হয় তাহা হইলে আমাকে অবগত করানো মাত্রই আমি নিজ দায়িত্বে হাজিরে আসিয়া আপনার খরচে ভারতীয় ষ্ট্যাম্প এ্যাক্টের ৪ ধারা

Seal of the Additional District Sub Registrar
Garasat, North 24 Pgs.

Additional District Sub-Registrar
Barasat, North 24 Parganas

1 DEC 2014

মোতাবেক পুনরায় ঘোষণা পত্রের দ্বারা সংশোধন করিয়া দিতে বাধ্য রহিলাম ।

ভবিষ্যতে আমার স্বত্ত্ব কি দখলের দোষে কি আমার কৃতকার্য্য দ্বারা কি আমার শরিক কি ওয়ারিশ কর্তৃক আপনার খরিদা সম্পত্তি ভোগদখলে যদি কোন বিঘ্ন ঘটে তাহা হইলে ঐ বিঘ্ন জনিত ক্ষতিপূরণের দায়ী আমি, আমার ওয়ারিশ ও স্থলাভিষিক্তগণক্রমে রহিলাম ।

প্রকাশ থাকে যে, তপশীল বর্ণিত সম্পত্তির প্রকৃত বিক্রয় মূল্য মং ৫,০০,০০০ টাকা কিন্তু সরকারী নির্ধারীত মূল্য মং ৮,৩০,০০০ টাকা হওয়ায় তদুপরি ষ্ট্যাম্প ডিউটি ও রেজিষ্ট্রেশান ফি প্রদান করা হইল ।

এতদর্থে সুস্থ চিত্তে, সরল মনে, অন্যের বিনা প্ররোচনায় অত্র বিক্রয় কোবালা দলিল খানি পাঠ করিয়া ইহার মর্ম ধর্ম সম্যক অনুধাবন করতঃ বহায় মূল্যে সমুদয় অর্থ নিম্নের জায় মোতাবেক বুঝিয়া পাইয়া নিম্ন সাক্ষীগণের সাক্ষাতে অত্র বিক্রয় কোবালা পত্রে স্বেচ্ছায় সহি সম্পাদন করিলাম । ইতি বাংলা ১৪২১ সনের ১৪ই অগ্রহায়ণ, ইংরাজী ২০১৪ সালের ১লা ডিসেম্বর ।

## -: তপশীল সম্পত্তির পরিচয় :-

জেলা - উত্তর ২৪ পরগণা, থানা - বারাসাত হাল মধ্যমগ্রাম, এ.ডি.এস.আর.ও বারাসাত পরগণা আনোয়ারপুর মোতালক ১৪৬ নং তৌজির মালিক বর্তমান মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা

Seal of the Additional District Sub-Registrar • Barasat, North 24 Pgs •

Additional District Sub-Registrar
Barasat, North 24 Parganas

1 DEC 2014

-ঃ ৬ ঃ-

জেলা কালেক্টার বাহাদুর তদধীন জে.এল. ৪৫ নং, রেঃ সাঃ ১৬২ ও ১৩৯ নং, দোহাড়িয়া মৌজায় ১৫৮ নং খতিয়ান অধীন ১৮৬ নং খতিয়ান ভুক্ত ঃ-

আর.এস. ৫৯৫ নং দাগে বাস্তু ৮৩ শতক সম্পত্তির মধ্যে ৫ শতক বা বাংলা মাপে কমবেশী ০৩ কাঠা সম্পত্তি তম্মধ্যে আমার প্রাপ্ত ১/৩ অংশে ১ (এক) কাঠা সম্পত্তি ও অন্যান্য ইজমেন্ট স্বত্বাদী সম্যক অত্র কোবালার বিক্রীত ও আপনার ভোগদখলিয় সম্পত্তি হইতেছে । যাহা মধ্যমগ্রাম পৌরসভার অধীন ১৬ নং ওয়ার্ডের ৫২ নং হোল্ডিং ভুক্ত হইতেছে । উক্ত জমিতে ২০০বর্গফুট টালির ছাউনি যুক্ত ঘর ([illegible]) হইতেছে ।

-ঃ মোট জমির চৌহদ্দি ঃ-

উত্তরে - সাজ্জান যাদব ।

দক্ষিণে - ৫৯৫ নং দাগের জমি ।

পূর্বে - ১২ ফুট প্রশস্ত রাস্তা । (বাবুল নগর স্থিত)

পশ্চিমে - ৬৫২ নং দাগের জমি ।

মোসাবিদাকারক ঃ-
( সন্তোষ কুমার দাশগুপ্ত )
এ্যাডভোকেট
বারাসাত জাজেস কোর্ট,
জেলা - উত্তর ২৪ পরগণা
নং - এফ/৪৫৮/৪০২/৮৩

বর্ণ সংস্থাপনে ঃ-
( শুচিস্মিতা দে )
বারাসাত, উত্তর ২৪ পরগণা

ইসাদী ঃ-
১। [illegible]
২। Bipul ch. Roy.
Nabopalli, Barasat.

Seal of the Additional District Sub Registrar
Barasat, North 24 Pgs.

Additional District Sub-Registrar
Barasat, North 24 Parganas

1 DEC 2014